

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং ৩৭.০০.০০০০.০৯৫.৯৯.২৫.২০২৩. ২০৭

তারিখ: ২০ চৈত্র ১৪৩০  
০৩ এপ্রিল ২০২৪

বিষয়: জনাব মো: আলতাফ হোসেন, অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারি কলেজ, ফুলবাড়ী এর বিরুদ্ধে কেন বিভাগীয় মামলা রুজু করা হবে না এ মর্মে কারণ দর্শানোর নোটিশ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: আলতাফ হোসেন, অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারি কলেজ, ফুলবাড়ী এর বিরুদ্ধে কলেজের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় বাধা সৃষ্টি করার অভিযোগ তদন্ত করার জন্য অধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় নিম্নোবর্ণিত আর্থিক অনিয়ম পাওয়া যায়:


(ক) বিগত ০৮/১২/২০১২ তারিখে গবেষণার সরঞ্জামাদি ও রাসায়নিক দ্রব্যাদি ক্রয় বাবদ সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক বিল দাখিল করেছেন কিন্তু তিনটি সরবরাহকারী প্রতিষ্ঠানের কোটেশনের তুলনামূলক বিবরণী করা হয়েছে ১২/১২/২০২২ তারিখে। এতে সরকারি ক্রয় সংক্রান্ত বিধিবিধান অনুসরণ করা হয়নি;

(খ) ফুলবাড়ী সরকারি কলেজ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকার বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি ক্রয় বাবদ সরকারি বরাদ্দ হতে সরবরাহকারী প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করা হয়েছে। কিন্তু ক্রয়কৃত মালামালগুলো তদন্ত চলাকালীন পর্যন্ত বিভাগসমূহে সরবরাহ করা হয়নি;

(গ) ক্রয়কৃত মালামালের বিল স্থানীয় হিসাব রক্ষণ অফিসে পরিশোধের জন্য প্রেরণের সময় বিলের কপিতে কার্যাদেশ মোতাবেক মালামালসমূহ বুঝে পাওয়া গেছে মর্মে টেন্ডার কমিটি/বিভাগ কর্তৃক প্রত্যয়ন করা হয়নি। উক্ত কার্যাদেশের মালামালসমূহ কেন্দ্রীয় স্টক রেজিস্টারে ও বিভাগীয় স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়নি;

২.০ আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্তব্য পালনে অবহেলার শামিল সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

৩.০ বর্ণিতাবস্থায়, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় ও শৃঙ্খলামূলক ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না, তাঁর জবাব এ আদেশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো: শাহীনুর ইসলাম)  
উপসচিব

জনাব মো: আলতাফ হোসেন  
অধ্যক্ষ  
ফুলবাড়ী সরকারি কলেজ, ফুলবাড়ী।  
অনুলিপি:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।